# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳:১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''লাইব্রেরী এসিস্ট্যান্ট কাম-ডকুমেন্টেশন এ্যাসিস্ট্যান্ট''** তড়িৎ ও ইলেকট্রিক্যাল কৌশল অনুষদের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। কম্পিউটারে MS Word এবং MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

২। ৳:১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ক্রাফট ইন্সট্রাক্টর"** ডিএইআরএস -এর অধীনে ওয়েল্ডিং এন্ড শীট মেটাল শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এইচ.এস.সি বিজ্ঞান বিভাগে পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্সসহ ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে CAD/CAM জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৩। ৳:১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"হেড ইলেকট্রিশিয়ান"** ছাত্রকল্যাণ পরিদপ্তরের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে। অথবা প্রার্থীকে এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাশসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে।

৪। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''ইলেকট্রিশিয়ান''** (ক) ছাত্রকল্যাণ পরিদপ্তরের ১টি স্থায়ী পদ ও (খ) প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳:৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''এলডিএ কাম-কম্পিউটার অপারেটর''** (ক) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ ও (খ) মেডিক্যাল সেন্টারের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word, Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। ৳ :৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''সহকারী ইলেকট্রিশিয়ান''** প্রকৌশল অফিসের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৬ (ছয়) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳:৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''হেড সিকিউরিটি গার্ড ''** রেজিস্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ১টি স্থায়ীপদ ঃ প্রার্থীকে এসএসসি পাশ সহ আনসার ট্রেনিং ইনস্টিটিউট হইতে ট্রেনিং প্রাপ্ত হইতে হইবে। প্রার্থীকে সিকিউরিটি গার্ড হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে সৎসাহসী, ভাল আচরণ, ভাল স্বাস্থ্য, দায়িত্বশীল, চটপটে এবং সিকিউরিটি গার্ড/ দারোয়ানদেরকে পরিচালনা করার সামর্থসম্পন্ন হইতে হইবে। উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি। কম্পিউটারে MS Word এবং MS Excel-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৮। ৳:৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"ল্যাব: এটেনডেন্ট"** (ক) সিএসই বিভাগের ১টি স্থায়ী পদ (খ) গণিত বিভাগের ১টি স্থায়ী পদ ও (গ) রসায়ন বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি বিজ্ঞান বিভাগে পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"এমএলএসএস"** (ক) স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ১টি স্থায়ী পদ, (খ) পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) ডিএইআরএস অফিসের (তথ্য ও প্রকাশনা) ১টি স্থায়ী পদ, (ঘ) ছাত্রকল্যাণ পরিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগের ১টি স্থায়ী পদ ও (ঙ) মেডিক্যাল সেন্টারের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১০। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''পরিচ্ছন্নতা কর্মী''** কাজী নজরুল ইসলাম হলের ১টি স্থায়ীপদ ঃ প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১১। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''মালী''** শহীদ স্মৃতি হলের ১টি স্থায়ীপদ এবং ১টি অস্থায়ীপদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে)ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১২।৳:১৬,০০০/- সর্বসাকুল্যে মাসিক বেতনে আই.আই.সি.টি.-এর অধীন **'কেন্দ্রীয় ভিডিও সার্ভেইলেন্স মনিটরিং স্টেশন'**-এর জন্য **''সি.সি.টি.ভি ও কম্পিউটার নেটওয়ার্ক টেকনিশিয়ান''**-এর ৪টি অস্থায়ী পদে কমপক্ষে ১ বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ (ভাল Performance-এর ক্ষেত্রে নবায়নযোগ্য)ঃ প্রার্থীকে এইচ.এস.সি. পাশ হইতে হইবে। তাহার ইলেকট্রনিক্স ও কম্পিউটার কৌশল বিষয়ে ট্রেড কোর্সের সার্টিফিকেট থাকিতে হইবে। সিসিটিভি, ভিডিও রেকর্ডার, ফ্ল্যাট স্ক্রিন টিভি এবং কম্পিউটার নেটওয়ার্ক সম্পর্কে জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

বি: দ্র:- ক্রমিক নং ৯ হইতে ১১ পর্যন্ত পদ ব্যতিত অন্যান্য পদে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণ যোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/2015 তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০৮/১২/২০১৯**

**সকল পদের জন্য প্রযোজ্য ঃ**

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ৮ নং এবং ১২ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ৯ নং হইতে ১১ নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

২০/১১/১৯

(অধ্যাপক ডঃ এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

C:\Users\user\Desktop\Advertisement Paper Final nov. 19.docx